# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাত আদায় করতে ভুলে গেলে।

## باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَنْسَى الصَّلاَةَ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَبِشْرُ بْنُ مُعَاذٍ، قَالاَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ نَسِيَ صَلاَةً فَلْيُصَلِّهَا إِذَا ذَكَرَهَا " . وَفِي الْبَابِ عَنْ سَمُرَةَ وَأَبِي قَتَادَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنَسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَيُرْوَى عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ أَنَّهُ قَالَ فِي الرَّجُلِ يَنْسَى الصَّلاَةَ قَالَ يُصَلِّيهَا مَتَى مَا ذَكَرَهَا فِي وَقْتٍ أَوْ فِي غَيْرِ وَقْتٍ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ بْنِ حَنْبَلٍ وَإِسْحَاقَ . وَيُرْوَى عَنْ أَبِي بَكْرَةَ أَنَّهُ نَامَ عَنْ صَلاَةِ الْعَصْرِ فَاسْتَيْقَظَ عِنْدَ غُرُوبِ الشَّمْسِ فَلَمْ يُصَلِّ حَتَّى غَرَبَتِ الشَّمْسُ . وَقَدْ ذَهَبَ قَوْمٌ مِنْ أَهْلِ الْكُوفَةِ إِلَى هَذَا وَأَمَّا أَصْحَابُنَا فَذَهَبُوا إِلَى قَوْلِ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ .

বাংলা

১৭৮. কুতায়বা ও বিশর ইবনু মু'আয (রহঃ) ..... আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন কোন ব্যক্তি সালাত আদায় করতে ভুলে গেলে যখনই তা স্মরণ হবে আদায় করে নিবে। - ইবনু মাজাহ ৬৯৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সামুরা ও আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিছটি হাসান ও সহীহ। আলী ইবনু আবী তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, কোন ব্যক্তি সালাত আদায় করতে ভুলে গেলে সালাতের ওয়াক্ত হোক বা না হোক যে সময়ই তাঁর মনে পড়বে সে সময়ই সে তা আদায় করে নিবে। ইমাম শাফিঈ, আহমদ ইবনু হাম্বাল এবং ইসহাক (রহঃ) এর অভিমতও এ-ই। আবূ বকরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি একদিন আসরের সালাতের আগেই ঘুমিয়ে পড়েছিলেন। শেষে ঠিক সূর্য ডোবার সময় তিনি জাগরিত হলেন; কিন্তু পূর্ণভাবে সূর্য না ডোবা পর্যন্ত সালাত আদায় করলেন না। কূফাবাসী আলিমগণ এই মতটি গ্রহণ করেছেন। আর আমরা

আলী রাদিয়াল্লাহু আনহু এর মতটি গ্রহণ করেছি।

## English

Anas (bin Malik) narrated that :
Allah's Messenger said: "Whoever forgets a Salat then he is to pray it when he remembers it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17367

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন